# বোর্ড প্রশ্ন সকল বোর্ড ২০১৫

## ইসলামের ইতিহাস ও সংস্কৃতি: দ্বিতীয় পত্র (সৃজনশীল)

**বিষয় কোড : ২ ৬ ৭**

**সময়: ২ ঘণ্টা ১০ মিনিট** **পূর্ণমান: ৬০**

**দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৯টি প্রশ্ন থেকে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও।**

১. ▶ ভুটানের 'কিংস কাপ' ফুটবল ফাইনাল প্রতিযোগিতায় বাংলাদেশের শেখ জামাল ধানমন্ডি ক্লাবের রক্ষণভাগের সাহসী খেলোয়াড় ইয়াছিন তার চমৎকার ক্রীড়াশৈলী প্রদর্শন করে ভারতের শক্তিশালী পুনে ক্লাবের বিরুদ্ধে জয় এনে দেন। ইয়াছিন ডিফেন্স থেকে প্রতিপক্ষের দুর্বলতাগুলো লক্ষ করেন এবং সুযোগ বুঝে মধ্যমাঠ দিয়ে না গিয়ে বরং সাইড লাইন ঘেঁষে ক্ষিপ্র গতিতে গিয়ে গোলপোস্ট ছেড়ে দূরে দাঁড়ানো বিপক্ষে গোল কিপারকে বোকা বানিয়ে বলটিকে অতর্কিতে প্রতিপক্ষের জালে পাঠিয়ে দেন। বাকি সময়ে প্রতিপক্ষ সে গোল আর শোধ করতে পারেনি। অথচ জয়ের নায়ক ইয়াছিন ইতোপূর্বে জাতীয় দলসহ বিভিন্ন ক্লাবে নিজের নাম অন্তর্ভুক্তির প্রাণপণ চেষ্টা করেও ব্যর্থ হয়েছিলেন।

ক. ভারতে স্বাধীন মুসলিম শাসন প্রতিষ্ঠা করেন কে? ১

খ. কুতুব উদ্দিন আইবেক প্রতিষ্ঠিত বংশকে দাসবংশ বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে ইয়াছিনের খেলোয়াড় হিসেবে ক্লাবে নাম অন্তর্ভুক্তির প্রচেষ্টার সাথে বখতিয়ার খলজির প্রথম জীবনের ইতিহাসের কী মিল পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বাংলাদেশের কিংস কাপ জয়ের কৌশল ও বখতিয়ার খলজির বঙ্গ বিজয়ের কৌশল প্রায় একই—উক্তিটি বিশ্লেষণ করো। ৪

২. ▶ একটি পাঁচ টাকার কয়েন গলিয়ে ২টি চা-চামচ তৈরি করে তা দশ টাকায় বিক্রি করার ফলে হঠাৎ করে 'ক' দেশে ধাতব মুদ্রার অভাব দেখা দেয়। অভাব মোকাবিলায় সরকার উর্বর দক্ষিণ অঞ্চলের কর বৃদ্ধি করে। ওদিকে ব্যবসায়ীরা মুদ্রার অভাবে সিলযুক্ত কাগজের স্লিপ ব্যবহার করতে থাকে কিন্তু অসাধু ব্যক্তিরা এসব স্লিপ জাল করে দেশের অর্থনীতিতে বিশৃঙ্খলা সৃষ্টি করে।

ক. কারাচিল কোথায় অবস্থিত? ১

খ. দৌলতাবাদে রাজধানী স্থানান্তরের প্রধান কারণটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত উর্বর দক্ষিণাঞ্চলের সাথে ভারতের কোন অঞ্চলের তুলনা করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মুদ্রা ব্যবস্থার মতই মুহম্মদ বিন তুঘলকের প্রতীক মুদ্রা পরিকল্পনাটি ব্যর্থতায় পর্যবসিত হয়— উক্তিটি মূল্যায়ন করো। ৪

৩. ▶ উত্তরাধিকার সূত্রে তকী খান এক বিশাল জমিদারির মালিক হন। তিনি এতিম অসহায়দের সাহায্যার্থে বিভিন্ন দফতর প্রতিষ্ঠা করেন এবং এ কাজে রাজকোষের প্রচুর অর্থ ব্যয় করেন। এ ছাড়া জমিদারি পরিচালনার ক্ষেত্রে বিশেষ করে খাজনা-ট্যাক্স অর্থ ব্যয় করেন। এ ছাড়া জমিদারি পরিচালনার ক্ষেত্রেও বিশেষ করে খাজনা-ট্যাক্স আদায়ে যথেষ্ট নমনীয়তার পরিচয় দেন। এতে জমিদারের প্রতি জনগণের ভালোবাসা ও আনুগত্য প্রকাশ পেলেও রাজ্যে সুদূরপ্রসারী আর্থিক সংকট দেখা দেয়। যার পরিণতিতে ধীরে ধীরে জমিদারি পতনের দিকে ধাবিত হয়।

ক. ফিরোজশাহ তুঘলক কত খ্রিষ্টাব্দে সালতানাতে অধিষ্ঠিত হন? ১

খ. ফিরোজশাহ ছিলেন ক্রীতদাসদের প্রতি অনুরক্ত—ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে তকী খানের প্রজাহিতৈষী কাজের সাথে তোমার পঠিত কোন শাসকের কাজের সাদৃশ্য রয়েছে?—ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত তকী খানের জমিদারির পরিণতির সাথে তুঘলক বংশের পরিণতি আলোচনা করো। ৪

http://teachingbd.com

৪. ▶ উসমানের পূর্বপুরুষরা গোবি মরুভূমির একটি ক্ষুদ্র রাজ্যের শাসক ছিলেন। সেখানে শত্রুপক্ষের শক্তির কারণে সুবিধা করতে না পেরে তাঁরা এশিয়া মাইনরে চলে আসেন। এশিয়া মাইনরে বহুদিন ধরে সেলজুকরা শাসন করলেও উত্তরাঞ্চলে ক্ষুদ্র ক্ষুদ্র বেশ কিছু স্বাধীন ও শক্তিশালী গ্রিক রাজ্য বিদ্যমান ছিল। উসমান শেষ সেলজুক সুলতান আলাউদ্দিনের পতন ঘটিয়ে সেখানে উসমানী সাম্রাজ্য প্রতিষ্ঠা করেন। তিনি শক্তিশালী গ্রিক রাজাদেরও পরাজিত করে যে বিশাল উসমানীয় সাম্রাজ্য গঠন করেন তা কয়েক শতাব্দী স্থায়ী হয়েছিল।

ক. 'বাবুর' শব্দের অর্থ কী? ১

খ. পানিপথের ১ম যুদ্ধে বাবুরের জয়লাভের কারণ কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উসমানীয়দের এশিয়া মাইনরে গমনের সাথে বাবুরের ভারতে আগমনের সামঞ্জস্য কোথায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. সাম্রাজ্য প্রতিষ্ঠায় উসমানের কৃতিত্বের আলোকে সম্রাট বাবুরের কৃতিত্ব মূল্যায়ন করো। ৪

৫. ▶ ফিলিপাইনের প্রেসিডেন্ট মার্কোস আকর্ষণীয় ব্যক্তিত্ব ও চরিত্রের অধিকারী ছিলেন। তার চরিত্রে দোষ ও গুণের সমাবেশ ছিল। তিনি একই সাথে কোমল ও কঠোর ছিলেন। তিনি অনেক জনকল্যাণমূলক কাজ সম্পন্ন করেন এবং ন্যায়বিচারও প্রতিষ্ঠা করেন। কিন্তু তার শাসনামলে তার স্ত্রী ইমেলদা এতই প্রভাবশালী হয়ে উঠেন যে, সমস্ত প্রশাসন যন্ত্র তাকে প্রেসিডেন্টের চালিকাশক্তি হিসেবে গণ্য করে।

ক. নূরজাহানের প্রকৃত নাম কী ছিল? ১

খ. সম্রাট জাহাঙ্গীরের নাম সেলিম রাখার কারণ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের প্রেসিডেন্ট মার্কোসের সাথে কোন মুঘল সম্রাটের তুলনা করা যায়? ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ইমেলদার কার্যাবলির সাথে সম্রাজ্ঞী নূরজাহানের কার্যাবলির তুলনামূলক আলোচনা করো। ৪

৬. ▶ কীর্তিপাশার জমিদার দেবী রায় চৌধুরী খুবই রুচিবান ও সৌখিন মানুষ ছিলেন। তিনি জমিদারী কার্যক্রম পরিচালনার জন্য একটি জাঁকজমকপূর্ণ দরবার হল নির্মাণ করেছিলেন। পাশাপাশি তার নির্মিত কাচারি বাড়ি, নায়েব মহল আজও স্ব-মহিমায় দাঁড়িয়ে আছে। একই সময়ে নির্মিত নাট মন্দিরটি এখনও ধর্মীয় কাজে ব্যবহৃত হয়। তার স্ত্রী কৃষ্ণ কুমারী দেবী অনিন্দ্য সুন্দরী ও বিদূষী রমণী ছিলেন। জমিদার দেবীরায় চৌধুরীর স্ত্রীর প্রতি ছিল অপরিসীম ভালোবাসা। কিন্তু এক দুর্ঘটনায় পড়ে কৃষ্ণ কুমারী অকালে মৃত্যুবরণ করলে জমিদার খুবই মুষড়ে পড়েছিলেন। তিনি স্ত্রীর স্মৃতি রক্ষার্থে বহু অর্থ ব্যয়ে সৌধটি নির্মাণ করেন, আজও তা বিদ্যমান রয়েছে।

ক. সম্রাট শাহজাহানের পিতার নাম কী? ১

খ. সম্রাট শাহজাহানের পুত্রদের মধ্যে সংঘটিত উত্তরাধিকার যুদ্ধের প্রধান কারণটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কৃষ্ণকুমারী দেবীর সাথে সম্রাট শাহজাহানের কোন মহিষীর সামঞ্জস্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে জমিদার দেবী রায় চৌধুরীর কর্মকাণ্ডের আলোকে সম্রাট শাহজাহানের স্থাপত্য কীর্তির মূল্যায়ন করো। ৪

৭. ▶ বাসির উদ্দিন মোল্লা অগাধ ধন-সম্পত্তির মালিক ছিলেন। কিন্তু তিনি অপুত্রক হওয়ায় তার সমস্ত সম্পত্তির মৃত্যুর পূর্বে মেয়ের জামাই হারুন মিয়াকে উইল করে

দিয়ে যান। হারুন মিয়া চরাঞ্চলের একজন উচ্চ শিক্ষিত মানুষ হলেও তার এলাকায় কোনো শিক্ষা প্রতিষ্ঠা ছিলনা। তাই হারুন মিয়া প্রাপ্ত অর্থ ব্যয়ে শ্বশুরের নামে একটি কলেজ, মায়ের নামে একটি মাদ্রাসা এবং নিজের নামে একটি স্কুল অত্র-এলাকায় প্রতিষ্ঠা করেন। তিনি গরিব ও মেধাবী ছেলে-মেয়েদের পড়াশোনার জন্য বৃত্তিরও ব্যবস্থা করেন।

ক. হাজি মুহম্মদ মোহসিনের পূর্বপুরুষরা কোথাকার অধিবাসী ছিলেন? ১

খ. ঔপনিবেশিক যুগে বাংলার মুসলিম সমাজে শিক্ষা সংস্কার প্রয়োজন হয়েছিল কেন? ব্যাখ্যাসহ লেখ। ২

গ. উদ্দীপকের বাসির উদ্দিন মোল্লার সাথে হাজি মুহাম্মদ মোহসিনের কোন আত্মীয়ের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে হারুন মিয়ার কর্মকাণ্ডের আলোকে হাজি মুহাম্মদ মোহসিনের কৃতিত্ব মূল্যায়ন করো। ৪

৮. ▶খনিজ সম্পদে ভরপুর আফ্রিকার একটি দেশ সুদান। এ দেশের উত্তরাঞ্চলের আয়তন দক্ষিণাঞ্চলের চেয়ে অনেক বড় হলেও জনসংখ্যা তুলনামূলক অনেক কম। এ ছাড়া উত্তরাঞ্চলের নদী-নালা কম থাকার কারণে এখানকার ভূমি ছিল অনুর্বর এবং খনিজ সম্পদগুলোও ছিল এ অঞ্চলে অবস্থিত। রাষ্ট্র ক্ষমতায় উত্তর সুদানের একচ্ছত্র আধিপত্য থাকায় দক্ষিণ সুদানকে অর্থনৈতিকভাবে বঞ্চিত করে উত্তর সুদান সম্পদের পাহার গড়ে তোলে। এ অবস্থায় দক্ষিণ সুদান সশস্ত্র আন্দোলনের মাধ্যমে স্বাধীনতার ডাক দিলে জাতিসংঘের মধ্যস্থতায় গণভোটের মাধ্যমে দক্ষিণ সুদান স্বাধীনতা অর্জন করে।

ক. পাকিস্তানের সংখ্যাগরিষ্ঠ জনগণের মাতৃভাষা কী ছিল? ১

খ. একুশে ফেব্রুয়ারি স্মরণীয় কেন? ব্যাখ্যা দাও। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সুদানের ভৌগোলিক বৈশিষ্ট্যের সাথে তদানীন্তন পাকিস্তানের ভৌগোলিক বৈশিষ্ট্যের সাদৃশ্য নিরূপণ করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বৈষম্যের আলোকে তৎকালীন পূর্ব ও পশ্চিম পাকিস্তানের অর্থনৈতিক বৈষম্যের একটি চিত্র তুলে ধর। ৪

৯. ▶ইউরোপীয় রাষ্ট্র যুগোশ্লাভিয়ার বসনিয়া অঞ্চলটি মুসলিম অধ্যুষিত। বিদ্যমান খ্রিস্টান রাজশক্তির কাছে বসনিয়া জনগণ দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকেই শোষিত ও নিগৃহীত হতে থাকে। এত বসনীয় জনগণ বিক্ষুব্ধ ও ঐক্যবদ্ধ হয়ে রাজশক্তির বিরুদ্ধে সশস্ত্র আন্দোলনের ডাক দেয়। ফলে যুগোশ্লাভিয়া সরকার তাদের দমনে কঠোর অবস্থান গ্রহণ করে। রাজকীয় সেনাবাহিনী নৃশংসভাবে অসংখ্য নিরস্ত্র জনগণকে হত্যা করে। বাড়িঘর লুণ্ঠন করে। নারীর ইজ্জত লুটে নেয়। শিশুরাও রেহাই পায়না, তারপরও বসনিয়াদের দমাতে পারেনি। তারা তাদের স্বাধীনতা ছিনিয়ে নিতে সক্ষম হয়। এখনও সেখানে বসনিয়দের বহু গণকবর আবিষ্কৃত হচ্ছে।

ক. ঊনসত্তরের গণ অভ্যুত্থানের প্রথম শহিদ কে? ১

খ. ১৯৭০ খ্রিষ্টাব্দের নির্বাচনে আওয়ামী লীগের নিরংকুশ বিজয়ের প্রধান কারণটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের বসনীয় জনগণের সাথে পূর্ব পাকিস্তানের জনগণের একটি সাদৃশ্য ব্যাখ্যাসহ লেখ। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত বসনিয়ার স্বাধীনতা সংগ্রামের আলোকে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের বিবরণ দাও। ৪

http://teachingbd.com

## বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-২য় পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : ২৬৭

সময় : ৪০ মিনিট পূর্ণমান: ৪০

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১]

---

১ **কুতুব মিনার কোথায় অবস্থিত?**
(ক) গৌড় (খ) আজমীর (গ) দিল্লী (ঘ) গুজরাট

২. **ইলতুৎমিশকে দিল্লি সালতানাদের প্রকৃত প্রতিষ্ঠাতা বলার কারণ তিনি–**
(ক) মোঙ্গালদের আক্রমণ প্রতিহত করেন
(খ) বিভিন্ন বিদ্রোহ দমন করেন
(গ) খলিফার কাছ থেকে খেতাব প্রাপ্ত হন
(ঘ) দিল্লিতে মুসলিম শাসন সুপ্রতিষ্ঠিত করেন

৩. **ভারতবর্ষে প্রথম কোন সুলতান খাঁটি আরবি মুদ্রার প্রচলন করেন?**
(ক) কুতুবউদ্দিন আইবেক (খ) সুলতান ইলতুৎমিশ
(গ) সুলতান নাসিরউদ্দিন (ঘ) সুলতান বলবন

**উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
আব্দুল্লাপুরের যুবক ইব্রাহিম তার পারিবারিক সচ্ছলতা আনয়নের জন্য বেশ কয়েকবার বিদেশে চাকরি গ্রহণের মাধ্যমে প্রচুর অর্থ উপার্জন করেন। এই অর্থ-সম্পদ দিয়ে তার গ্রামের বাড়িতে প্রাসাদোপম অট্টালিকা তৈরি করে বাড়িটিকে অনিন্দ্যসুন্দর করে গড়ে তোলেন।

৪. **উদ্দীপকে বর্ণিত ইব্রাহিমের কর্মকাণ্ড কোন সুলতানের কর্মকাণ্ডের অনুরূপ?**
(ক) মুহম্মদ ঘুরী (খ) কুতুবউদ্দিন আইবেক
(গ) সুলতান মাহমুদ (ঘ) সুলতান ইলতুৎমিশ

৫. **উক্ত সুলতানের কর্মকাণ্ডে প্রকাশ পেয়েছে–**
i. আর্থিক লালসা
ii. সৌন্দর্যবোধ iii. শিল্প সচেতনতা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬. **মুহম্মদ বিন তুঘলকের পরিকল্পনাগুলো ব্যর্থ হয় কারণ–**
i. তিনি যুগের অগ্রবর্তী ছিলেন
ii. বাস্তবে কার্যকর করা অসম্ভব ছিল
iii. প্রজাসাধারণের অসহযোগিতা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও।**
বর্তমান সরকার এল.জি.এস.পি প্রোগ্রামের আওতায় গ্রাম উন্নয়নের জন্য প্রত্যেকটি ইউনিয়নের আওতাধীন গ্রামগুলোকে একটি আলাদা আলাদা প্রশাসনিক ইউনিটে বিভক্ত করেছেন। ফলে একদিকে গ্রামগুলোর উন্নয়ন ত্বরান্বিত হচ্ছে এবং ইউনিয়ন পরিষদের কার্যক্রমেও গতিশীলতা বৃদ্ধি পেয়েছে।

৭. **উদ্দীপকে উল্লিখিত ব্যবস্থা ভারতবর্ষের কোন শাসক গ্রহণ করেছিলেন?**
(ক) ফিরোজ শাহ (খ) শের শাহ
(গ) ইব্রাহীম খাঁ (ঘ) ইসলাম খাঁ

৮. **উক্ত শাসকের এরূপ ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্য ছিল–**
i. সুষ্ঠ শাসন প্রণয়ন ii. জনমঙ্গল সাধন
iii. আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯. **নিচের ছকে খালিঘর পূরণ কর:**

পানিপথের ১ম যুদ্ধ → ? → গোগরার যুদ্ধ

(ক) খানুয়ার যুদ্ধ (খ) কনৌজ-এর যুদ্ধ
(গ) চৌসার যুদ্ধ (ঘ) বিল্বগ্রামের যুদ্ধ

১০. **'মাতামহী সুলভ' ব্যবস্থার প্রবর্তক ছিলেন–**
(ক) সুলতান গিয়াউদ্দিন খলজি
(খ) সুলতান আলাউদ্দিন খলজি
(গ) সুলতান মুহাম্মদ বিন তুঘলক
(ঘ) সুলতান ফিরোজ শাহ তুঘলক

১১. **লোদী বংশের সর্বশেষ শাসক কে ছিলেন?**
(ক) সিকান্দর লোদী (খ) বাহলুল লোদী
(গ) ইব্রাহিম লোদী (ঘ) বাহরাম লোদী

১২. **বাবুরের ভারত অভিযানের অন্যতম কারণ ছিল–**
(ক) মধ্য এশিয়ায় ব্যর্থতা (খ) ধনসম্পদ অর্জন
(গ) রাজপুতদের দমন (ঘ) ইসলাম প্রচার

১৩. **মনসবদারী প্রথা কে প্রবর্তন করেন?**
(ক) সম্রাট বাবুর (খ) সম্রাট হুমায়ুন
(গ) সম্রাট আকবর (ঘ) সম্রাট জাহাঙ্গীর

**অনুচ্ছেদটি পড়ে ১৪ ও ১৫ নম্বর প্রশ্নের উত্তর দাও-**
বাংলাদেশে বিভিন্ন ধর্ম ও জাতি গোষ্ঠীর লোক বসবাস করলেও বাংলা নববর্ষসহ বিভিন্ন লোকজ অনুষ্ঠানগুলো তারা একসাথে মিলেমিশে পালন করে। রাষ্ট্র ও সরকার প্রধান প্রত্যেক ধর্মের-ধর্মীয় অনুষ্ঠানগুলোতে একাত্মতা প্রকাশ করে থাকেন। এতে জাতীয় ঐক্য ও সংহতি আরও সুদৃঢ় হয়।

১৪. **উদ্দীপকে উল্লিখিত সম্প্রীতির এ সম্পর্কটি কোন মুঘল সম্রাটের সময়ে বেশি দেখা গিয়েছিল?**
(ক) সম্রাট বাবুর (খ) সম্রাট আকবর
(গ) সম্রাট জাহাঙ্গীর (ঘ) সম্রাট আওরঙ্গজেব

১৫. **উক্ত সম্রাটের কাজের মাধ্যমে—**
i. তার ক্ষমতা সুদৃঢ় হয়
ii. শাসন কাজে হিন্দুদের প্রাধান্য পায়
iii. ধর্মীয় স্বাধীনতা খর্ব হয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৬. **ইস্ট ইন্ডিয়া কোম্পানী গঠিত হয়েছিল কেন?**
(ক) ভারতবর্ষ শাসনের জন্য
(খ) বাণিজ্য করার উদ্দেশ্যে
(গ) ফরাসিদের দমনের জন্য
(ঘ) পর্তুগীজদের প্রতিদ্বন্দ্বী হিসেবে

**অনুচ্ছেদটি পড়ে ১৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
বাগমারা ইউনিয়নের চেয়ারম্যান সোলায়মান মেহেদী ইউনিয়নের উত্তর প্রান্ত থেকে দক্ষিণ প্রান্ত পর্যন্ত এক বিশাল রাস্তা নির্মাণ করেন। এর ফলে যোগাযোগ ব্যবস্থার যেমন উন্নয়ন হয় তেমনি ইউনিয়নের উন্নয়নও ত্বরান্বিত হয়।

১৭. **উদ্দীপকে সোলায়মান মেহেদীর রাস্তা নির্মাণের কাজটি ভারতীয় কোন শাসকের অনুরূপ–**
(ক) সম্রাট হুমায়ুন (খ) শের শাহ
(গ) ইসলাম শাহ (ঘ) সম্রাট আকবর

১৮. **'মোহামেডান লিটারেরি সোসাইটি' কে প্রতিষ্ঠা করেন?**
(ক) হাজি মুহাম্মদ মোহসিন
(খ) নওয়াব আবদুল লতিফ
(গ) সৈয়দ আমির আলী
(ঘ) স্যার সৈয়দ আহমেদ

১৯. **ফরায়েজি আন্দোলনের প্রাথমিক লক্ষ্য ছিল—**
(ক) ধর্মীয় সংস্কার (খ) অর্থনৈতিক মুক্তি
(গ) ক্ষমতা লাভ (ঘ) নীলকরদের উৎখাত

http://teachingbd.com

২০. লাহোর প্রস্তাবের উত্থাপক কে?
ক) খাজা নাজিমউদ্দিন
খ) শেরে বাংলা এ. কে. ফজলুল হক
গ) মুহম্মদ আলী জিন্নাহ
ঘ) হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী

২১. কত সালে যুক্তফ্রন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়—
ক) ১৯৫২ খ) ১৯৫৩ গ) ১৯৫৪ ঘ) ১৯৫৫

২২. ইংরেজদের সাথে যুদ্ধে তিতুমীরের পরাজয়ের কারণ ছিল—
i. তিতুমীরের সমর্থকদের অসহযোগিতা
ii. ইংরেজদের উন্নত যুদ্ধ কৌশল
iii. তিতুমীর কর্তৃক প্রচলিত অস্ত্রের ব্যবহার
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. ইস্ট ইন্ডিয়া কোম্পানি কত খ্রিষ্টাব্দে দিওয়ানি লাভ করে?
ক) ১৭৫৭ খ) ১৭৬৪ গ) ১৭৬৫ ঘ) ১৭৭২

উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।
বালিয়াটির বাজারটির মালিকানা বংশানুক্রমিকভাবে বালিয়াটির জমিদারদেরই ছিল। এক পর্যায় ঢাকার ব্যবসায়ীরা বাজারের ইজারা নিয়ে ইচ্ছেমতো খাজনা আদায় করতে থাকে। কিন্তু বাজার রক্ষাণাবেক্ষণের দায়িত্ব নামে মাত্র জমিদারদের দুর্বল উত্তরাধিকার পালন করতে হয়।

২৪. উদ্দীপকে ঢাকার ব্যবসায়ীদের আচরনের সাথে বাংলার কোন বিদেশিদের আচরণগত সাদৃশ্য রয়েছে?
ক) পর্তুগিজ খ) ফরাসি
গ) দিনেমার ঘ) ইংরেজ

২৫. উক্ত ইজারা লাভের ফলে ইতিহাসের আলোকে যা ঘটেছিল তা হলো-
i. নবাবের ক্ষমতা হ্রাস পেয়েছিল
ii. ব্রিটিশ প্রভুত্ব বৃদ্ধি পেয়েছিল
iii. মুঘল শাসনের অবসান ঘটেছিল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬. বঙ্গভঙ্গের উদ্দেশ্য ছিল—
i. ঐক্যবদ্ধ আন্দোলন দমন
ii. পূর্ব বাংলার উন্নয়ন সাধন
iii. ইংরেজ শাসন দীর্ঘস্থায়ীকরণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ে ২৭ নং প্রশ্নের উত্তর দাও।
দক্ষিণ আফ্রিকার অবিসংবাদিত নেতা নেলসন ম্যান্ডেলা কৃষ্ণাজাদের অধিকার আদায়ের সংগ্রামে জীবনের অধিকাংশ সময় কারাগারে কাটিয়েছেন। কিন্তু তিনি শেষ পর্যন্ত কৃষ্ণাজাদের অধিকার আদায়ে সক্ষম হয়েছিলন।

২৭. উদ্দীপকের নেলসন ম্যান্ডেলার আত্মত্যাগের সঙ্গে বাংলাদেশের কোন নেতার কর্মকাণ্ডের সাদৃশ্য রয়েছে?
ক) শেরে বাংলা এ. কে. ফজলুল হক
খ) হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী
গ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
ঘ) মওলানা আব্দুল হামিদ খান ভাসানী

২৮. ১৪ই ডিসেম্বর বুদ্ধিজীবীদের হত্যা করা হয় কেন?
ক) দেশকে মেধাশূন্য করার জন্য
খ) প্রতিশোধ গ্রহণের জন্য
গ) যুদ্ধে জয়ের জন্য ঘ) ভয় দেখানোর জন্য

২৯. মুক্তিযুদ্ধের সময় বরিশাল জেলা কোন সেক্টরের অন্তর্ভুক্ত ছিল?
ক) ৬নং খ) ৭নং গ) ৮নং ঘ) ৯নং

৩০. বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন?
ক) সৈয়দ নজরুল ইসলাম
খ) তাজউদ্দিন আহমেদ
গ) এ.এইচ.এম কামরুজ্জামান
ঘ) ক্যাপ্টেন এম মনসুর আলী

৩১. মুসলিম বিজয়ের প্রাক্কালে সিন্ধুর রাজা কে ছিলেন?
ক) হর্ষবর্ধন খ) শশাঙ্ক
গ) দাহির ঘ) পৃথ্বিরাজ

৩২. ক্ষত্রিয়দের পেশা কী ছিল?
ক) ব্যবসা খ) চাকুরি
গ) যুদ্ধ ঘ) কৃষিকাজ

৩৩. আরবদের সিন্ধু বিজয়ের প্রত্যক্ষ কারণ কী ছিল?
ক) ইসলামি সাম্রাজ্য বিস্তার
খ) ভারতের ধন-সম্পদ লাভ
গ) জলদস্যু কর্তৃক আরব জাহাজ লুণ্ঠন
ঘ) হাজ্জাজের সাম্রাজ্যবাদী নেশা

অনুচ্ছেদটি পড়ে ৩৪ ও ৩৫ নম্বর প্রশ্নের উত্তর দাও-
ঢাকা চট্টগ্রাম মহাসড়কের ভবেরচর এলাকার সবুর ব্যাপারীর লোকেরা ঢাকার চাল ব্যবসায়ী গফুর মহাজনের চাল বোঝাই ৮টি ট্রাক ছিনতাই করে। গফুর মহাজন তা ফেরত চাহিলে সবুর ব্যাপারী তা ফেরত দিতে অস্বীকার করে। গফুর মহাজন তখন সবুর ব্যাপারীকে শায়েস্তা করার সংকল্প করে।

৩৪. উদ্দীপকের উল্লেখিত সবুর ব্যাপারীর সঙ্গে ইতিহাসের কোন রাজার মিল পাওয়া যায়?
ক) পৃথ্বিরাজ খ) দাহির
গ) জয়পাল ঘ) আনন্দপাল

৩৫. উক্ত রাজার কর্মকাণ্ডে প্রকাশ পেয়েছে তাঁর—
ক) ঔদ্ধত্য খ) অসহিষ্ণুতা
গ) প্রতিহিংসাপরায়ণতা ঘ) শত্রুতা

৩৬. কুতুবউদ্দিনের প্রতিষ্ঠিত বংশকে দাস বংশ বলার কারণ—
ক) তিনি দাসদের দ্বারা শাসন চালাতেন
খ) তার পূর্ব-পুরুষ দাস ছিল
গ) তিনি প্রথম জীবনে দাস ছিলেন
ঘ) অধিকাংশ শাসক দাস ছিলেন

নিচের উদ্দীপকটি পড় এবং ৩৭নং প্রশ্নের উত্তর দাও:
পার্বত্য অঞ্চলের জমিদার সাই-মু-প্রু প্রতিবছর তার পার্শ্ববর্তী জমিদারি আক্রমণ করে প্রচুর বাড়িঘর ধ্বংস করেন এবং ধনসম্পদ নিয়ে নেন। তার বারবার এরূপ আক্রমণের উদ্দেশ্য নিয়ে এলাকায় প্রচুর বিতর্ক রয়েছে।

৩৭. উদ্দীপকে বর্ণিত জমিদার সাই-মু-প্রুর কার্যক্রম ভারতের কোন সুলতানের কার্যক্রমকে মনে করিয়ে দেয়?
ক) সুলতান মাহমুদ খ) সুলতান মুহাম্মদ ঘুরী
গ) সুলতান ইলতুৎমিশ ঘ) সুলতান বলবন

৩৮. সিন্ধু বিজয়ী মুসলিম সেনাপতির নাম কি?
ক) ওবায়দুল্লাহ খ) বুদায়েল
গ) তারিক বিন জিয়াদ ঘ) মুহাম্মদ বিন কাসিম

৩৯. সুলতান রাজিয়া আলতুনিয়াকে বিবাহ করেছিলেন কেন?
i. নিজেকে রক্ষা করার জন্য
ii. ক্ষমতাকে সুসংহত করার জন্য
iii. সংসারী হওয়ার জন্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪০. সুলতান মাহমুদ জাতিতে ছিলেন—
ক) মিশরীয় খ) তুর্কি গ) আরবীয় ঘ) বার্বার

teachingbd.com